



## রোহিঙ্গা প্রত্যাবাসনে তুরস্কের সহায়তা চায় বাংলাদেশ



ছবি: সংগৃহীত

রোহিঙ্গাদের নিরাপদ, স্বচ্ছমূলক ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন নিশ্চিত করতে তুরস্কের আরও সক্রিয় সহযোগিতা চেয়েছে বাংলাদেশ। এ বিষয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের সমর্থন অব্যাহত রাখারও আহ্বান জানিয়েছে ঢাকা।

সোমবার (২২ জুন) ঢাকায় তুর্কি রেড ক্রিসেন্টের প্রেসিডেন্ট ড. ফাতমা মেরিচ ইয়িলমাজের সঙ্গে বৈঠকে এ আহ্বান জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়দ। বৈঠকে বাংলাদেশ-তুরস্ক সম্পর্ক এবং বিভিন্ন খাতে সহযোগিতা সম্প্রসারণের বিষয়েও আলোচনা হয়।

শামা ওবায়দ বলেন, ২০১৭ সাল থেকে বাংলাদেশে ১২ লাখের বেশি রোহিঙ্গাকে আশ্রয় দিয়ে আসছে। দীর্ঘদিন ধরে বিপুলসংখ্যক রোহিঙ্গার উপস্থিতি দেশের মানবিক, সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত খাতে চাপ সৃষ্টি করছে। তিনি জোর দিয়ে বলেন, এই সংকটের টেকসই সমাধান হলো রোহিঙ্গাদের নিজ দেশে নিরাপদ ও সম্মানজনক প্রত্যাবর্তন। প্রতিমন্ত্রী তুরস্ককে রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়া এগিয়ে নিতে কূটনৈতিক ও মানবিক সহায়তা অব্যাহত রাখার আহ্বান জানান। একই সঙ্গে দুই দেশের মধ্যে সহযোগিতা আরও জোরদার এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন ফোরামে সমন্বয় বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন।

জবাবে তুর্কি রেড ক্রিসেন্টের প্রেসিডেন্ট বাংলাদেশের মানবিক ভূমিকার প্রশংসা করেন। তিনি জানান, রোহিঙ্গাদের জন্য খাদ্য, স্বাস্থ্যসেবা, শিক্ষা, স্যানিটেশন ও দক্ষতা উন্নয়নসহ বিভিন্ন কর্মসূচি পরিচালনা করছে তাদের সংস্থা। ভবিষ্যতেও এ সহায়তা অব্যাহত থাকবে বলেও আশ্বাস দেন তিনি।